# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**03 APRIL 2025** **7:45—7:55 PM IST**

**================================================================**

আজকের বিশেষ বিশেষ খবর হলো ------

------------------------------------------------------------------

১) রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্যের আজ ২০২৪ সালের রাজ্যের সর্ব্বোচ্চ অসামরিক সম্মান প্রদান ।

২) রাজ্যে আসন্ন পঞ্চায়েত নির্বাচনের জন্য আজ মনোনয়ন দাখিল প্রক্রিয়া আরম্ভ । বরাক উপত্যকায় মনোনয়ন পত্র দাখিলের জন্য প্রশাসনের পক্ষ থেকে আজ আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি/

৩) শিলচরের কাছে রামনগরের আন্তঃরাজ্য বাস টার্মিনাসের কাছে আজ সংঘটিত এক সড়ক দুর্ঘটনায় একটিশিশুসহ একজন মহিলার মৃত্যু/ চারজন গুরুতর আহত/

এবং

(৪) বরাক উপত্যকা ক্রীড়া সাংবাদিক সংস্থা-বাক্স'এর চতুর্দশ মিডিয়া ফেস্ট আগামী নয় এপ্রিল থেকে আরম্ভ/

------------------------------------------------------------------

রাজ্যপাল লক্ষ্মণপ্রসাদ আচার্য আজ গৌহাটীর শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রে আয়োজিত অনুষ্ঠানে ২০২৪ সালের রাজ্যের সর্ব্বোচ্চ অসামরিক সম্মানগুলি প্রদান করেছেন । অবসরপ্রাপ্ত সেনা আধিকারিক লেফটেনেন্ট জেনারেল রাণা প্রতাপ কলিতাকে আসাম বৈভব সম্মান প্রদান করা হয় । সংগীত শিল্পী দ্বীপেন বরুয়া , নাট্যকার হেমন্ত দত্ত ,ক্রিকেট খেলোয়াড় উমা ছেত্রী এবং টাটা কনসালটেন্সী সার্ভিসের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ

ড.এস রামদুরাই ,জাতীয় ফরেন্সিক বিজ্ঞান বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক ড.বাপ্পী পাল এবং বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদ বিজ্ঞান বিভাগের অধ্যাপিকা ড.পূরবী শইকিয়াকে আসাম সৌরভ সম্মান প্রদান করা হয় ।
একইভাবে শকুন সংরক্ষণের জন্য নিরলসভাবে কাজ করে যাওয়া ফুলেশ্বরী দত্ত এবং বাইক রাইডার মিনাক্ষী দাস সহ বিভিন্ন ক্ষেত্রে সমাজে উল্লেখযোগ্য অবদানকারী ১২ জন ব্যাক্তি ও তিনটি প্রতিষ্ঠানকে আজ আসান গৌরব সম্মান প্রদান করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

আসামে আগামী দোসরা এবং ৭ মে দুটি পর্যায়ে অনুষ্ঠেয় পঞ্চায়েত নির্বাচনের জন্য আজ মনোনয়ন দাখিল প্রক্রিয়া আরম্ভ হয়েছে । ১১ এপ্রিল পর্যন্ত মনোনয়নপত্র দাখিল করা যাবে ।১২ এপ্রিল মনোনয়নপত্রগুলি পরীক্ষা করা হবে এবং ১৭ এপ্রিল মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন ধার্য করা হয়েছে । ওইদিনই নির্বাচনে প্রতিদ্বন্দিতাকারী প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে । ১১ মে নির্বাচনের ভোটগণনা করা হবে ।

এদিকে রাজ্যে পঞ্চায়েত নির্বাচনের দিন ঘোষনা করার সঙ্গে সঙ্গে রাজনৈতিক দলগুলির নির্বাচনী রণনীতি প্রস্তুত করার প্রক্রিয়া আরম্ভ হয়েছে । বিজেপির বেশকয়েকজন প্রবীণ নেতা আজ এ সম্পর্কে এক বৈঠকে মিলিত হন । পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রণজিৎ কুমার দাসের পৌরহিত্যে অনুষ্ঠিত এই বৈঠকে আইন সংশোধনের মাধ্যমে পঞ্চায়েতকে ক্ষমতা বিকেন্দ্রীকরণের বিষয়ে আলোচনা করা হয় । নির্বাচনে বিজেপি ও অসম গণ পরিষদের মধ্যে সমঝোতা অব্যাহত রাখার জন্য প্রতিটি লোকসভা কেন্দ্রে একজন করে অগপ ও বিজেপি কার্যকর্তাকে দায়িত্ব দেওয়া হয়েছে বলে মন্ত্রী জানান ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় আজ পঞ্চায়েত নির্বাচনের জন্য বিজ্ঞপ্তি জারি করা হয়েছে । ১৬ টি জেলা পরিষদ আসনের জন্য ১৬ জন সদস্য ,৯৫ জন আঞ্চলিক পঞ্চায়েত সদস্য ও ৯৫০ জন গ্রাম পঞ্চায়েত সদস্য নির্বাচনের জন্য এই বিজ্ঞপ্তি জারি করা হয়েছে ।এতে মনোনয়ন পত্র সরকারী ছুটির দিন ছাড়া আগামী ১১ এপ্রিল পর্যন্ত সকাল ১১ টা থেকে বিকেল তিনটার মধ্যে প্রার্থী নিজে অথবা তার প্রস্তাবকের মাধ্যমে ওই কার্যালয়ে অনুমোদিত আধিকারিকের কাছে জমা দিতে পারবেন ।

এদিকে আসন্ন পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে আজ শ্রীভূমি জেলা বিজেপি সভাপতি সঞ্জীব বণিকের পৌরহিত্যে দলীয় কর্মকর্তাদের নিয়ে এক সাংগঠনিক সভা অনুষ্ঠিত হয়

। সভায় পঞ্চায়েত নির্বাচনে দলীয় কর্মকর্তাদের  নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করার আহ্বান জানানো হয় ।

-------------------------------------------------------------------------------------

হাইলাকান্দির জেলা আয়ুক্ত তথা জেলা নির্বাচনী আধিকারীক নির্সাগ হিভারে গৌতম জেলার ৬২টি গ্রাম পঞ্চায়েত , পাঁচটি আঞ্চলিক পঞ্চায়েত সহ ৮টি জেলা পরিষদ আসনের জন্য আজ আনুষ্ঠানিক বিজ্ঞপ্তী জারী করেছেন । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে গ্রাম পঞ্চায়েত  পদের জন্য হাইলাকান্দি , কাটলিছড়া , লালা , আলগাপুর ও দক্ষিন হাইলাকান্দি উন্নয়ন  খন্ড আধিকারীকের কার্য্যালয়ে মনোনয়ন পত্র পাওয়া যাবে । পরবর্তীতে নিজ নিজ উন্নয়ন খন্ড কার্য্যলয়ে আগামী ১১ই এপ্রিল পর্য্যন্ত সরকারী বন্ধের দিন ছাড়া সকাল ১১টা থেকে বিকেল তিনটে পর্য্যন্ত প্রার্থী নিজে বা প্রস্তাবককের মাধ্যমে মনোনয়ন পত্র জমা করতে পারবেন । আগামী ১২ই এপ্রিল মনোনয়ন পত্র পরীক্ষা করা হবে  ।

অন্য দিকে আঞ্চলিক পঞ্চায়েত সদস্য ও জেলা পরিষদের জন্য  প্রতিদ্বন্দী প্রার্থীরা জেলা আয়ুক্তের কার্য্যলয়ে মনোনয়ন পত্র জমা করতে পারবেন ।

-------------------------------------------------------------------------------------

জাতীয় মানবাধিকার কমিশন, রাজ্যের একটি ডিজিট্যাল পোর্টাল চ্যানেলের একজন সাংবাদিককে গুয়াহাটির আসাম কোঅপারেটিভ এপেক্স ব্যাংক লিমিটেডে খবর সংগ্রহ করতে যাওয়ার ঘটনাকে কেন্দ্র করে তাকে আটক করা এবং পরে গ্রেপ্তার করার বিষয় সম্পর্কে আসাম সরকার এবং রাজ্যপুলিশের সঞ্চালক প্রধানের উদ্দেশ্যে বিজ্ঞপ্তি জারি করেছে । গত ২৫শে মার্চ গুয়াহাটির ঐ সাংবাদিক এপেক্স ব্যাংকটিতে আর্থিক অনিয়ম সংঘটিত হওয়ার অভিযোগ সম্পর্কে ব্যাংক কর্তৃপক্ষকে প্রশ্ন করার পর তাকে আটক করা হয় । তবে এই সাংবাদিককে পরে জামিনে মুক্তি দেওয়া হয় । মানবাধিকার কমিশনের আজ জারি করা এই বিজ্ঞপ্তিতে আসাম সরকার এবং রাজ্যপুলিশের সঞ্চালক প্রধানকে আগামী চার সপ্তাহের মধ্যে এই সম্পর্কে বিস্তারিত প্রতিবেদন দাখিল করার নির্দেশ দেওয়া হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

মিজোরামের রাজ্যপাল অবসরপ্রাপ্ত জেনারেল বিজয় কুমার সিং বলেছেন যে ন্যাশনেল কেডেট কর্পস জনসাধারনকে একটি উন্নত জীবন যাপনে সহযোগীতা করে  । আজ আইজলের রাজ ভবনে ষষ্ট মিজো এন সি সি কেডেটস-এর এক সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে  রাজ্যপাল শ্রী সিং একথা বলেন । রাজ্যপাল শ্রীসিং এন সি সি

কেডেটদের দেশ গঠনে এমনভাবে কাজ করতে বলেন যাতে অন্যরা অনুপ্রানিত হয়ে এন সি সি-র সঙ্গে যুক্ত হতে পারেন । আজকের সংবর্ধনা অনুষ্ঠানে রাজ্যপাল শ্রী সিং ছয় জন মিজো এস সি সি কেডেটস যার মধ্যে চার জন পুরুষ ও দুজন মহিলাকে উপহার স্বরূপ টেবলেট প্রদান করেন ।

---------------------------------------------------------------------------------------

শিলচরের কাছে রামনগর বাইপাসে আজ বিকেলে সংঘটিত এক সড়ক দুর্ঘটনায় মা ও শিশুর ঘটনাস্থলেই মৃত্যু হয়েছে । রামনগরের আন্তঃরাজ্য বাস টার্মিনাস এলাকার পাশে মাটি বোঝাই একটি ডাম্পার লরীর সঙ্গে একটি যাত্রীবাহী অটোরিক্সোর মুখোমুখি সংঘর্ষ হয় । এই দুর্ঘটনায় অটোচালক সহ অন্য চারজন যাত্রী গুরুতরভাবে আহত হয়েছেন । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে- তাদের আত্মীয়ের বাড়ি থেকে ঘুরে এসে শ্রীকোণার ডেইলি বাজার অঞ্চলে নিজেদের বাড়ি ফিরে যাওয়ার সময় এই দুর্ঘটনাটি ঘটে । মৃত মহিলা ও তার সাত বছরের শিশু পুত্রের মৃত্যু হওয়ার পাশাপাশি আরো একটি সাত বছরের ছেলে, ১৪ বছরের মেয়ে এবং অটোচালক সহ অপর একজন গুরুতরভাবে আহত হয়েছেন । দুর্ঘটনার পরই স্থানীয় লোকজন এ্যাম্বুলেন্সের ব্যবস্থা করে আহতদের শিলচর মেডিকেল কলেজে পাঠানোর ব্যবস্থা করেন । ঘটনার খবর পেয়ে কাছাড়ের অতিরিক্ত পুলিশ সুপার সুব্রত সেনের নেতৃত্বে পুলিশের একটি দল ঘটনাস্থলে ছুটে যান । এই ঘটনায় জড়িত গাড়িচালককে গ্রেপ্তারের জন্য পুলিশ অভিযান অব্যাহত রেখেছে ।

---------------------------------------------------------------------------------------

১৪ বছরের একটি নাবালিকাকে ধর্ষণ করার অভিযোগে হাইলাকান্দি পুলিশ আজ হাইলাকান্দি জেলার উজানকুপা গ্রামের এক যুবককে গ্রেপ্তার করেছে । তার বিরুদ্ধে পক্সো আইনের অধীনে মামলা দায়ের করে আদালতে পেশ করা হয়েছে বলে জেলার অতিরিক্ত পুলিশ সুপার সমীর দপ্তর বড়ুয়া জানিয়েছেন । আমাদের হাইলাকান্দি সংবাদদাতা এখবর জানিয়ে বলেছেন যে- হাইলাকান্দি জেলার অভিভাবক মন্ত্রী কৃষ্ণেন্দু পাল শ্রীভূমি ও হাইলাকান্দি জেলায় সম্প্রতি তিনটি মহিলার বিরুদ্ধে অপরাধের ঘটনার খবর পাওয়া গেছে বলে জানিয়েছেন । এসব ঘটনায় জড়িতদের পুলিশ ইতিমধ্যে গ্রেপ্তার করেছে এবং তাদের বিরুদ্ধে আইনী ব্যবস্থা নেওয়া হবে বলেও তিনি জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

আসাম বিশ্ববিদ্যালয়ের তিন বছরের স্নাতক এবং চার বছরের নতুন স্নাতক পাঠ্যসূচীর দ্বিতীয় , চতুর্থ এবং ষষ্ঠ সেমিষ্টারের পরীক্ষার দিন আজ ঘোষণা করা হয়েছে । সে

অনুসারে আগামী ২৯ শে এপ্রিল থেকে আগামী ৩০ শে মে পর্যন্ত বিভিন্ন শাখার পরীক্ষা অনুষ্ঠিত হবে । বিশ্ববিদ্যালয় অনুমোদিত মোট ৬৩ টি কলেজের বিজ্ঞান , কলা , বানিজ্য , বিজনেস এডমিনিষ্ট্রেশন এবং ভোকেশনাল বিভাগের প্রায় ৬৫ হাজার ছাত্রছাত্রী এই পরীক্ষায় অবতীর্ণ হবে ।

---------------------------------------------------------------------------------

সম্মিলিত লিখিত পরীক্ষা এবং আসাম ইলেক্ট্রিসিটি গ্রিড কর্পোরেশনের সহকারী হিসাবরক্ষক আধিকারিক পদের স্ক্রিনিং পরীক্ষার জন্য কাছাড় জেলা প্রশাসন কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করেছে । সম্ভাব্য বিশৃঙ্খলা বা অপ্রীতিকর ঘটনা রোধে কাছাড়ের জেলা ম্যাজিস্ট্রেট মৃদুল যাদব ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ২০২৩ এর ১৬৩ ধারার অধীনে জেলা জুড়ে নিরাপত্তা সংক্রান্ত নির্দেশ জারী করেছেন । সে অনুসারে সব নির্ধারিত পরীক্ষা কেন্দ্রের ১০০ মিটার ব্যাসার্ধের মধ্যে অনুমোদিত ব্যাক্তি ছাড়া সকল ব্যাক্তিদের প্রবেশ নিষিদ্ধ ,অপ্রয়োজনীয় যানজট রোধ করতে এবং পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনা নিশ্চিত করতে নির্ধারিত এলাকায় জমায়েত নিষিদ্ধ , পরীক্ষা কেন্দ্রের আশেপাশে লাউডস্পিকার ,সাউন্ড সিস্টেম এবং যেকোনো শব্দ উৎপন্নকারী সরঞ্জামের ব্যাবহার নিষিদ্ধ করা সহ বেশকিছু নির্দেশ কার্যকর হয়েছে ।

---------------------------------------------------------------------------------

রাধামাধব কলেজের ইন্টারন্যাল কোয়ালিটি এস্যুরেন্স সেল ( আই কিউ এসি ) র নতুন চেয়ারম্যান ড.অরুন্ধতী দত্ত চৌধুরীকে আজ কলেজ প্রাঙ্গণে আয়োজিত এক সভায় সম্বর্ধনা জ্ঞাপন করা হয়েছে । সভায় বক্তব্য রাখেন প্রাক্তন অধ্যক্ষ ড.দেবাশিস রায় , উপাধ্য ড.রাহুল চক্রবর্তী ,আই কিউ এসির কো-র্ডিনেটর ও অ্যাসিস্ট্যান্ট কো-র্ডিনেটর ড.সোনালী চৌধুরী ও অরুণাভ ভট্টাচার্য প্রমূখ ।

---------------------------------------------------------------------------------

বরাক উপত্যকা ক্রীড়া সাংবাদিক সংস্থা (বাক্স) এর চতুর্দশ মিডিয়া ক্রিকেট ফেস্ট আগামী নয়ই এপ্রিল আরম্ভ হচ্ছে । এই প্রতিযোগিতা আগামী ১৩ই এপ্রিল পর্যন্ত চলবে । এবারের আসরে মোট ছ’টি দল অংশ নিচ্ছে । কাছাড় জেলা থেকে চারটি এবং শ্রীভূমি ও হাইলাকান্দি জেলা থেকে একটি করে দল অংশ নেবে । আজ শিলচরে সাংবাদিকদের একথা জানিয়ে বাক্স’এর কর্মকর্তারা জানান- এই ছ’টি দলকে দুটি গ্রুপে ভাগ করা হয়েছে, ‘এ’ গ্রুপে রয়েছে- শিলচর নিউজ রকার্স, হাইলাকান্দি খবর হিরো’জ এবং অটল প্রেস ফাইটার্স । এদিকে ‘বি’ গ্রুপে রয়েছে- প্যারামাউন্ট মিডিয়া চ্যালেঞ্জার, নববার্তা মিডিয়া ওয়ারিয়ার্স, বরাক বুলেটিন প্রেস স্ট্রাইকার্স । নয়

এপ্রিল প্রতিযোগিতার প্রথম ম্যাচে হাইলাকান্দি খবর হিরোজ এবং অটল প্রেস ফাইটার্স পরস্পরের মুখোমুখি হবে । আগামী ১৩ই মার্চ ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে।

---------------------------------------------------------------------------------